

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২৭

পর্ব ২১: খাদ্য (خعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: أَتَى النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِجُبُنَّةٍ فِي تَبُوكَ فَدَعَا بالسكين فسمَّى وقطعَ. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

8২২৭-[৬৯] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তাবূকের যুদ্ধের সময় নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য এক টুকরা পনির আনা হলো। তখন তিনি ছুরি আনালেন এবং ''বিসমিল্লা-হ'' বলে কাটলেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান সানাদ : আবূ দাউদ ৩৮১৯, শু'আবুল ঈমান ৫৯৫৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২০১৪৬, সহীহ ইবনু হিব্বান ৫২৪১, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ ২৪৪২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ ছাগলের দহনকৃত দুধ যা পাকানো হয়নি তা পবিত্র- এ মর্মে আলোচ্য হাদীসটি তার দলীল। কেননা যদি তা নাপাক হয় তাহলে পনিরও তো নাপাক হবে, কারণ পনির তো ওটা ছাড়া তৈরি হয় না। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮১৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন